# এমপিওভুক্ত শিক্ষকদের নতুন কর্মসূচি ঘোষণা

অনলাইন ডেস্ক




ফাইল ছবি

জাতীয়করণের দাবিতে আগামী ১৩ আগস্ট জাতীয় প্রেস ক্লাবের সামনে সমাবেশ ও সচিবালয় অভিমুখে পদযাত্রা করবেন এমপিওভুক্ত শিক্ষকরা। শনিবার এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণ প্রত্যাশী জোটের আহ্বায়ক অধ্যক্ষ মো. মঈন উদ্দীন ও সদস্যসচিব অধ্যক্ষ দেলাওয়ার হোসেন আজিজী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ২০১৮ সালে জাতীয় প্রেস ক্লাবের সামনে ২০ দিনব্যাপী অবস্থান ও অনশন কর্মসূচির মাধ্যমে সরকারের পক্ষ থেকে শিক্ষকদের জন্য ৫ শতাংশ বার্ষিক প্রবৃদ্ধি ও ২০ শতাংশ বৈশাখী ভাতার প্রতিশ্রুতি বাস্তবায়িত হয়। সে সময় সরকার শিক্ষা জাতীয়করণের প্রতিশ্রুতিও দেয়, কিন্তু পরবর্তীকালে তা বাস্তবায়ন হয়নি।

এতে আরো বলা হয়, সরকার পতনের পর অন্তর্বর্তী সরকারের শিক্ষা উপদেষ্টার সঙ্গে বৈষম্য নিরসনের বিষয়ে আলোচনা হয় এবং ২০২৪-২৫ অর্থবছরে উৎসব ভাতা ২৫ শতাংশ বৃদ্ধি এবং পরবর্তী বাজেটে বাড়িভাড়া ও চিকিৎসা ভাতা বৃদ্ধিসহ শ্রান্তি বিনোদন ভাতা কার্যকরের ঘোষণা দেন। তবে শিক্ষা উপদেষ্টার সুস্পস্ট ঘোষণা সত্ত্বেও ২০২৫-২৬ অর্থবছর শুরু হলেও সরকারি নিয়মে বাড়িভাড়া, চিকিৎসা ভাতা, শতভাগ উৎসব ভাতা ও শ্রান্তি বিনোদন ভাতার প্রজ্ঞাপন এখনো জারি করা হয়নি।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আগামী ১০ আগস্টের মধ্যে প্রতিশ্রুত ভাতাগুলোর প্রজ্ঞাপন জারি না হলে ১৩ আগস্ট থেকে ধারাবাহিক কর্মসূচি শুরু হবে। এই কর্মসূচিকে সফল করতে দেশের সব এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারী, প্রতিষ্ঠান প্রধান, জেলা ও উপজেলা শিক্ষক নেতৃবৃন্দের সহযোগিতা কামনা করা হয়েছে।